# সেপ্টেম্বর/২০২৪ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ কমিটির মাসিক সভার কার্যবিবরণী:

প্রশাসক ঃ মোঃ মহিদুল হক
প্রশাসক, উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
কাউনিয়া, রংপুর।

তারিখ ঃ ২৯/০৯/২০২৪ খ্রি.।
সময় ঃ দুপুর ১২:০০ ঘটিকা ।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "খ"

সভার শুরুতেই প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার মাসিক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় গত ২৯/০৮/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধন, বিয়োজন বা সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর অদ্যকার সভার নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

**স্থায়ী কমিটির সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত :**

| ক্র:নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | স্থায়ী কমিটির নিয়মিত সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত : | উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, উপজেলায় ১৭টি স্থায়ী কমিটি রয়েছে। উপজেলা ভাইস চেয়ারম্যানগণের সভাপতিত্বে প্রতি ২ মাস অন্তর ১টি করে সভা আহবান করার বিধান রয়েছে। কিন্তু স্থায়ী কমিটির সভা অনুষ্ঠানের বিষয়ে কোন তথ্য পাওয়া যায় না। তিনি স্থায়ী কমিটির সভা করে সভার কার্যবিবরণী উপজেলার ওয়েবসাইটে আপলোডের জন্য সহকারী প্রোগ্রামার, কাউনিয়া, রংপুরের নিকট সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট সকল বিভাগকে অনুরোধ করেন। | স্থায়ী কমিটির সভা নিয়মিত করে সংশ্লিষ্ট সকলকে সভায় কার্যবিবরণী প্রেরণ করার জন্য অনুরোধ করেন। | স্থায়ী কমিটি সংশ্লিষ্ট সকল বিভাগ । |
| ০২ | ইউনিয়ন/ওয়ার্ড সভা সম্পর্কিত আলোচনা | ইউনিয়ন/ওয়ার্ড কমিটির সভা সম্পর্কিত বিষয়ে আলোচনা হয়। উপস্থিত সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জানান যে, বিধি অনুযায়ী ইউনিয়ন ও ওয়ার্ড সভা অনুষ্ঠিত হচ্ছে। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কমিটির সভার কার্যবিবরণী প্রতিমাসে প্রেরণ করা হচ্ছে। | উপজেলা পরিষদ সভা অনুষ্ঠানের পূর্বে ইউনিয়ন কমিটির সভার কার্যবিররণী নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ও ইউপি/সচিব (সকল)কাউনিয়া, রংপুর। |
| ০৩ | উপজেলার ইউনিয়ন পরিষদে UDC গুলির আয়ের তথ্য আপলোড এবং ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করন। | হারাগাছ পৌরসভা ও সকল ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলির তথ্য বিষয়ে চেয়ারম্যানগণের নিকট জানতে চাওয়া হলে তাঁরা জানান UDC গুলির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | হারাগাছ পৌরসভা ও ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলো তদারকি করার জন্য মেয়র, হারাগাছ পৌরসভা ও সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয় | সংশ্লিষ্ট সকল |

**বিভাগ ভিত্তিক আলোচনা :**

১.উপজেলা স্বাস্থ্য বিভাগ:

| ক্র:নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | আগস্ট/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসা সেবা প্রদান কার্যক্রম স্বাভাবিক প্রক্রিয়ায় চলমান। বহির্বিভাগে প্রতিদিন জনগনকে সকাল থেকে দুপুর পর্যন্ত চিকিৎসা সেবা দেওয়ার পাশাপাশি ইমার্জেন্সি বিভাগ ২৪ ঘন্টা সেবা প্রদান করা হচ্ছে। এছাড়াও কমিউনিটিতে টিকা প্রদান কার্যক্রম এবং কমিউনিটি ক্লিনিক গুলো নিয়মিত স্বাভাবিক সেবা প্রদান করে যাচ্ছে। | অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

২.উপজেলা কৃষি বিভাগ :

| ক্র:নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০২ | আগস্ট/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা কৃষি অফিসার জানান যে, (ক) সার: খরিপ-২ মৌসুমে আমন ধান ফসল আবাদের জন্য ইউরিয়া ও পটাশ সারের চাহিদা উপজেলা সার ও বীজ কমিটির রেজুলেশনের মাধ্যমে পাঠানো হয়েছে। অদ্য পর্যন্ত ইউরিয়া ৩৩২ মে.টন, টিএসপি ১১ মে.টন, এমওপি ৭৭ মে.টন ও ডিএপি ৮১ মে.টন সার মজুদ রয়েছে।<br>(খ) প্রণোদনা: খরিপ-২ মৌসুমে প্রণোদনা আওতায় গ্রীষ্মকালীন পেঁয়াজ ৯০ জন কৃষক ও মাষকলাই ১৬০ জন কৃষকের মাঝে প্রনোদনার সার ও বীজ বিতরণ করা হয়েছে।<br>(গ) ফসল চাষ: খরিপ-২ মৌসুমের বিভিন্ন প্রকার শাক-সবজি আবাদ চলমান রয়েছে। রোপন আমন ধানের অর্জিত আবাদ ১১৪৭৫ হেক্টর চুড়ান্ত। ধানের লক্ষ্যমাত্রা ১১৪৭০ হেক্টর ধরা হয়েছে।<br>(ঘ) রোগ ও পোকামাকড়: মাঠে রোপা আমন ধান দন্ডায়মান রয়েছে। বর্তমানে বৈরি আবহাওয়ার কারণে রোপা আমন ফসলে বিভিন্ন প্রকার রোগ ও পোকামাকড়ের আক্রমণ দেখা দিতে পারে। তাই পূর্ব প্রস্তুতি হিসেবে মাঠে উপসহকারী কৃষি কর্মকর্তাগণ সতর্কতা মুলক পরামর্শ ও লিফলেট বিতরণ কার্যক্রম অব্যাহত রয়েছে।<br>(ঙ) ফসল রিপোর্ট: মাঠে দন্ডায়মান ফসলের রিপোর্ট প্রদান চলমান রয়েছে। | অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার কাউনিয়া, রংপুর। |

৩. উপজেলা প্রাণী সম্পদ বিভাগ:

| ক্র:নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৩ | আগস্ট/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা জানান যে, বন্যা কবলিত এলাকায় ফ্রি ভেটেরিনারী মেডিকেল ক্যাম্প পরিচলনা করা হচ্ছে। ক্ষুড়া রোগ নিয়ন্ত্রণ ও পিপিআর রোগ নির্মূল প্রকল্পের আওতায় ফ্রি পিপিআর রোগের ৯০,০০০ (নব্বই হাজার) ভ্যাক্সিন প্রদানের কার্যক্রম অতি শীঘ্রই শুরু করা হবে। এছাড়াও তাঁর বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

৪. মৎস্য বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | আগস্ট/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা মৎস্য অফিসার বলেন যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। এছাড়াও কাউনিয়া উপজেলার তিনটি মৎস্য অভয়াশ্রম রয়েছে যা তিনটি বিলে স্থাপিত। এর মধ্যে নেপতিডাঙ্গা বিলের মৎস্য অভয়াশ্রমটি তিস্তা নদীর একটি উপযুক্ত স্থানে স্থানান্তর করা প্রয়োজন। সেজন্য স্থান নির্বাচনের কাজ চলছে এবং নিকটতম সুফলভোগীদের সাথে আলোচনা করা হচ্ছে। উপযুক্ত স্থান পাওয়া মাত্র মৎস্য অভয়াশ্রমটি স্থাপনের কাজ শুরু করা হবে। এছাড়াও ২০২৪-২৫ আর্থিক সনে রাজস্ব বাজেটের আওতায় উন্মুক্ত/প্রতিষ্ঠানিক জলাশয়ে ২৯০ কেজি পোনামাছ অবমুক্ত করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা মৎস্য অফিসার, কাউনিয়া, রংপুর। |

৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:

| | | | |
|---|---|---|---|
| ০৫ | আগস্ট/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | (নিচের সারণি ও বিবরণ দ্রষ্টব্য) | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার কাউনিয়া, রংপুর। |

| মাসের নাম | অস্থায়ী পদ্ধতি | | | দীর্ঘমেয়াদী পদ্ধতি | | স্থায়ী পদ্ধতি | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|
| | খাবার বড়ি | কনডম | ইনজেকটেবলস | IUD | ইমপ্ল্যানন | পুরুষ | মহিলা | |
| আগস্ট/২০২৪ | - | - | - | - | - | - | - | কোনো তথ্য পাওয়া যায়নি। |

১। পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন এমআইএস ইউনিট কর্তৃক মাঠ পর্যায়ে জনসংখ্যা ও দম্পতি নিবন্ধন, তথ্য সংগ্রহ,সেবা প্রদানের তথ্যাদি সংরক্ষন, পতিবেদন প্রনয়ণ এবং প্রেরনের কার্যক্রম ডিজিটালাইজ করার লক্ষ্যে ২০১৫ সাল হতেই-এমআইএস কার্যক্রম গ্রহণ করা হয়। ইতিমধ্যে ৬টি জেলায় পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদানের তথ্য উপাত্ত ও সংরক্ষন প্রক্রিয়াকে ওপারলেস ঘোষণা করা হয়েছে।

২। এরই ধারাবাহিকতায় সুবিধাজনক সময়ে রংপুর জেলাসহ আরো ১৬টি জেলার পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদানের তথ্য উপাত্ত ও সংরক্ষন প্রক্রিয়াকে ওপপারলেস ঘোষনা করা হয়েছে।

৩।UH&FWC/MCWC গুলোতে,মা ও শিশু মৃত্যু রোধে সচেতনমুলক স্বাস্থ্য সেবা বৃদ্ধিসহ ২৪/৭ স্বাভাবিক প্রসব সেবা অব্যাহত আছে।

৪। আবাসন/আশ্রয়ন/গুচ্ছগ্রাম-FPI,FWV ও FWA কতৃক প্রতিমাসে কার্যক্রম চালু আছে।

৫। উক্ত উপজেলায় ৪১ টি ইউনিট হলেও কর্মরত FWAরয়েছে ৩৩ জন।

৬। বিভাগীয় মাসিক সমন্বয় সভার দাপ্তরিক দিকনির্দেশনা প্রদান করা হয়েছে।

৬.উপজেলা প্রকৌশল বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | আগস্ট/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা প্রকৌশলী জানান যে, তাঁর দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা প্রকৌশলী কাউনিয়া, রংপুর। |

৭.উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | আগস্ট/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, আগামী ০৯ অক্টোবর থেকে ১৭ অক্টোবর/২০২৪ পর্যন্ত সকল মাধ্যমিক বিদ্যালয় দূর্গা পুজার ছুটি থাকবে। আগামী ২০ অক্টোবর থেকে নির্বাচনী পরীক্ষা শুরু হবে এবং তা ০৫ নভেম্বরে শেষ হবে। ফলাফল প্রাকাশ ১০ নভেম্বর/২০২৪ এবং ফরম পুরণ ০১ ডিসেম্বর/২০২৪ থেকে শুরু হবে। এছাড়াও তাঁর দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর। |

৮.উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | আগস্ট/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা শিক্ষা অফিসার জানান যে, বিদ্যালয় পর্যায়ে ভূমি উন্নয়ন কর সঠিকভাবে পরিশোধের জন্য বিদ্যালয় পর্যায়ে ইউজার আইডি ও পাসওয়ার্ড খোলার কার্যক্রম চলমান। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর |

৯. উপজেলা সমাজ কল্যাণ বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯ | আগস্ট/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, তার অফিসের বিভিন্ন ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন কার্যক্রম চলমান রয়েছে। লাইভ ভেরিফিকেশন কার্যক্রম শতভাগ নিশ্চিত করতে চেয়ারম্যানগণের সহযোগিতা চাওয়া হয়েছে। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা সমাজ সেবা অফিসার,কাউনিয়া, রংপুর। |

১০.উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | আগস্ট/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,কাউনিয়া, রংপুর। |

১১. উপজেলা মহিলা বিষয়ক বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | আগস্ট/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন যে, ভিডব্লিউবি কার্যক্রমের আওতায় জুলাই ও আগস্ট মাসের খাদ্য বিতরণ করা হয়েছে। সেপ্টেম্বর ও অক্টোবর মাসের খাদ্যের ডিও অক্টোবর মাসে প্রদানের নির্দেশনা পাওয়া গেছে। সঞ্চয়ের বিষয়ে সকল চেয়ারম্যানগণকে সতর্ক থাকতে অনুরোধ করা হয়েছে। বাল্য বিবাহ নিরোধ কমিটি ও নারী-শিশু নির্যাতন প্রতিরোধ কমিটিকে সক্রিয় করণ পূর্বক সভার কার্যবিবরনী প্রেরণের অনুরোধ করা হয়েছে। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সকল ইউপি চেয়ারম্যানগণকে কার্যকারী ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্রিষ্ট সকল ও উপজেলা মহিলা বিষয়ক অফিসার কাউনিয়া, রংপুর। |

১২. উপজেলা যুব উন্নয়ন বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | আগস্ট/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজলো যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার কাউনিয়া, রংপুর। |

১৩. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | আগস্ট/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, সুফলভোগী সদস্যদের সঞ্চয় জমা ও ঋণ বিতরণ কার্যক্রম চলমান এবং তাঁর বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার,কাউনিয়া, রংপুর। |

১৪. উপজেলা সমবায় বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | আগস্ট/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা সমবায় অফিসার বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক, সুষ্ঠ ও সুন্দরভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা সমবায় অফিসার কাউনিয়া, রংপুর। |

১৫. বন বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | আগস্ট/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | ভারপ্রাপ্ত বন কর্মকর্তা, বন বিভাগ, কাউনিয়া জানান যে, কাউনিয়ার অবৈধ্য করাত কল গুলোকে মৌখিক নির্দেশনার পর লিখিত নোটিশ প্রদান করা হয়েছে। তকিপল বাজার হতে শহিদবাগ রোডে কর্তনকৃত বাগানের বিক্রয় মূল্যের মধ্যে ১০% পূন:বনায়ন এর অর্থে পুনরায় বাগানের কার্যক্রম চলমান রয়েছে। এছাড় তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা বন কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

১৬.জনস্বাস্থ্য বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬. | আগস্ট/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপ-সহকারী প্রকৌশল অধিদপ্তর (জনসাস্থ্য) সভায় জানান যে, তঁর বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠূভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপ-সহকারী প্রকৌশল জনস্বাস্থ্য কাউনিয়া, রংপুর। |

১৭. কাউনিয়া পল্লী বিদ্যুৎ সমিতি :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | আগস্ট/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | ডিজিএম কাউনিয়া পল্লী বিদ্যুৎ সমিতি, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | ডিজিএম কাউনিয়া পল্লীবিদ্যুৎ সমিতি-২, রংপুর। |

১৮. আনসার ভিডিপি বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | আগস্ট/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা আনসার ভিডিপি অফিসার জানান যে, সভায় অনুপস্থিত বিধায় তার বিভাগের কিছু জানা গেল না। | আগামী সভায় কার্যপত্রসহ সভায় উপস্থিত থাকার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ভিডিপি অফিসার,কাউনিয়া, রংপুর। |

১৯. তথ্য আপা তথ্য সেবা :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | আগস্ট/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | তথ্য আপা: তথ্যসেবা কর্মকর্তা সভায় বলেন যে, অফিসের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | তথ্য আপা, তথ্য সেবা কর্মকর্তা,কাউনিয়া, রংপুর। |

১। চেয়ারম্যান, কুর্শা ইউনিয়ন পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের উদ্দেশ্যে বলেন যে, উপজেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগ বাণিজ্য নিয়ে বিভিন্ন রকম কথা শুনা যাচ্ছে, সকল শিক্ষা প্রতিষ্ঠানের সভাপতি হিসেবে গুরুত্বসহকারে দেখার জন্য অনুরোধ করেন।

(ক)উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে ২০২৪-২৫ অর্থ বছরে টি আর, কাবিখার মাধ্যমে তাঁর ইউনিয়নে যে সকল প্রকল্প গৃহীত হয়েছে তার তালিকা সরবরাহের জন্য অনুরোধ করেন।

২। চেয়ারম্যান, শহীদবাগ ইউনিয়ন পরিষদ বলেন যে, মো: সায়েদ আলী, দফাদার পদে কর্মরত অবস্থায় গত ২৫/০৯/২০২৪খ্রি. তারিখে মৃত্যুবরণ করিলে দফাদার পদটি শুণ্য হয়। তিনি শুণ্যপদে কর্মরত মহল্লাদার মধ্যে হতে পদোন্নতি প্রদান করে মহল্লাদার পদে ০১(এক)জন মহল্লাদার পদে নিয়োগের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন।

**সিদ্ধান্ত :** শহীদবাগ ইউনিয়নে সায়েদ আলী, দফাদার মৃত্যু বরণ করায় কর্মরত মহল্লাদারদের মধ্যে হতে দফাদার পদে পদোন্নতি প্রদান এবং শুণ্যপদে ০১জন মহল্লাদার পদের জন্য নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।

বিবিধ :

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়ণে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, বলেন যে, মোছা: রওশনারা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, জুন/২৪ হতে ১৮/০৮/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত ভ্রমন ভাতা বিল দাখিল করেছেন। দাখিলকৃত বিল সভায় অনুমোদনের জন্য পেশ করেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনার পর মহিলা ভাইস চেয়ারম্যান কর্তৃক দাখিলকৃত জুন-আগষ্ট/২৪ মোট= ২৪,৫০০/-(চব্বিশ হাজার পাঁচশত)টাকা রাজস্ব তহবিল হতে চেক প্রদানে অনুমোদিত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া,রংপুর। |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পরিষদ চত্বরে ৩২টি সিসি ক্যামেরা স্থাপন করা আছে। কিন্তু সম্প্রতি ঝড় বৃষ্টির কারণে ১১টি সিসি ক্যামেরা নষ্ট অবস্থায় রয়েছে। যা মেরামত করা প্রয়োজন। সভায় সিদ্ধান্তের জন্য পেশ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ চত্বরে ৩২টি সিসি ক্যামেরা মধ্যে ১১টি ক্যামেরা সচল করে রাজস্ব তহবিল সিসি ক্যামেরা খাত হতে চেক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া,রংপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

MHaque
২২/০২/২৫

(মো: মহিদুল হক)
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
উপজেলা পরিষদ মাসিক সভা
কাউনিয়া, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাউনিয়া, রংপুর।
www.kaunia.rangpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৮৫৪২.০০৪.০২.০০৮.২৪- ৯০৭/১ তারিখঃ ২২/১০/২০২৪খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রি পরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৫। জেলা প্রশাসক, রংপুর।
৬। চেয়ারম্যান, ..................................(সকল), ইউ,পি কাউনিয়া, রংপুর।
৭। উপজেলা .................................. অফিসার, কাউনিয়া, রংপুর।
৮। অফিস কপি।

MHaque
22/10/24

(মোঃ মহিদুল হক)
উপজেলা নির্বাহী অফিসার
কাউনিয়া, রংপুর।
ফোন-০২৫৮৯৯৭৮২০১